টেক্সট সিলেক্ট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১২

tutorial.hamimit.com/টেক্সট-সিলেক্ট-করা

টেক্সট সিলেক্ট করা একটি গুরুত্বপূর্ণ কাজ। কারণ কোন টেক্সট বা অবজেক্ট এডিট (শুদ্ধ) করার জন্য সিলেক্ট বাধ্যতামূলক।

আজকের টিউনে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **টেক্সট সিলেক্ট** করা **[Select Text]** নিয়ে বিস্তারিত আলোচনা করবো, ইনশাআল্লাহ্।

এম এস ওয়ার্ড ২০১৬ প্রোগ্রামে বিভিন্নভাবে টেক্সট বা অবজেক্ট সিলেক্ট করা যায়।

সিলেক্ট করার বিভিন্ন পদ্ধতি নিম্নে বিস্তারিত বর্ণনা করা হলো।

পদ্ধতি ১- কীবোর্ড দ্বারা টেক্সট সিলেক্ট করা:

ডকুমেন্টের লেখা সিলেক্ট করার কীবোর্ড কমাণ্ডসমূহ:

কীবোর্ড কী	কাজের বর্ণনা
Shift + →	কার্সর অবস্থান থেকে ডান দিকে এক অক্ষর সিলেক্ট হবে।
Shift + ←	কার্সর অবস্থান থেকে বাম দিকে এক অক্ষর সিলেক্ট হবে।
Shift + ↓	কার্সর অবস্থান থেকে ডান দিকের পুরো লাইন এবং নিচের লাইনে লেখা থাকলে কার্সরের নিচ পর্যন্ত সিলেক্ট হবে।
Shift + ↑	কার্সর অবস্থান থেকে বাম দিকের পুরো লাইন এবং ওপরের লাইনে লেখা থাকলে কার্সরের ওপর পর্যন্ত সিলেক্ট হবে।
Shift + Ctrl + →	কার্সর অবস্থান থেকে ডান দিকে একটি শব্দ সিলেক্ট হবে।
Shift + Ctrl + ←	কার্সর অবস্থান থেকে বাম দিকে একটি শব্দ সিলেক্ট হবে।
Shift + Ctrl + ↑	কার্সর অবস্থান থেকে বায়ে লেখাসহ ওপরের পুরো লাইন সিলেক্ট হবে।
Shift + Ctrl + ↓	কার্সর অবস্থান থেকে ডানের লেখাসহ নিচের পুরো লাইন সিলেক্ট হবে।
Shift + End	কার্সর অবস্থান থেকে ডানের পুরো লাইন সিলেক্ট হবে।
Shift + Home	কার্সর অবস্থান থেকে বায়ের পুরো লাইন সিলেক্ট হবে।
Shift + Ctrl + End	কার্সর অবস্থান থেকে ডকুমেন্টের শেষ পর্যন্ত সিলেক্ট হবে।
Shift + Ctrl + Home	কার্সর অবস্থান থেকে ডকুমেন্টের শুরু পর্যন্ত সিলেক্ট হবে।
Ctrl + A	ডকুমেন্টের সকল কিছু একত্রে সিলেক্ট করার জন্য।

পদ্ধতি ২- মাউস দ্বারা সিলেক্ট করা:

- **দুটি পয়েন্টের মধ্যেকার লেখা সিলেক্ট করা:** যেখান থেকে ডকুমেন্টের লেখা সিলেক্ট শুরু করতে চান কীবোর্ড বা মাউস দ্বারা কার্সর সেখানে রাখুন। অতপর মাউসের লেফ্ট বাটন দ্বারা প্রয়োজনীয় স্থানে ক্লিক করুন।
- **ওয়ার্ড সিলেক্ট করা:** যে ওয়ার্ডটি সিলেক্ট করতে চান মাউস দ্বারা সেই ওয়ার্ডের ওপর ডাবল ক্লিক করুন।
- **প্যারাগ্রাফ সিলেক্ট করা:** যে প্যারাগ্রাফটি সিলেক্ট করতে চান মাউস দ্বারা সেই প্যারাগ্রাফের যে কোন স্থানে ট্রিপল (তিনবার) ক্লিক করুন।
- **বাক্য সিলেক্ট করা:** কীবোর্ডের **Ctrl** কী চেপে ধরে যে বাক্যটি সিলেক্ট করতে চান মাউস দ্বারা সেই বাক্যের যে কোন স্থানে সিঙ্গেল (একবার) ক্লিক করুন।

পদ্ধতি ৩- সিলেকশন বার দ্বারা সিলেক্ট করা:

- **একটি লাইন সিলেক্ট করা:** মাউস পয়েন্টার সিলেকশন বারে নিন এবং যে লাইনটি সিলেক্ট করতে চান তার বায়ে সিঙ্গেল ক্লিক করুন।
- **একটি প্যারাগ্রাফ সিলেক্ট করা:** মাউস পয়েন্টার সিলেকশন বারে নিন এবং যে প্যারাগ্রাফটি সিলেক্ট করতে চান তার বায়ে ডাবল ক্লিক করুন।
- **সম্পূর্ণ ডকুমেন্ট সিলেক্ট করা:** মাউস পয়েন্টার সিলেকশন বারে নিন এবং যে কোন লাইন বা প্যারাগ্রাফের বায়ে ট্রিপল ক্লিক করুন।

কিভাবে সিলেক্টকৃত টেক্সট ডিসিলেক্ট (সিলেক্ট থেকে মুক্ত করা) করবেন?

- সিলেক্টকৃত অংশ ডিসিলেক্ট করতে ডকুমেন্টের যে কোন জায়গায় মাউসের লেফট ক্লিক করুন।
- **অথবা,** কীবোর্ডের যে কোন এ্যারো কী চেপে টেক্সট ডিসিলেক্ট করতে পারবেন।
- কোন অবজেক্ট সিলেক্ট করার জন্য মাউস পয়েন্টার ঐ অবজেক্টের ওপর রাখলে যখন ৪টি এ্যারো সম্বলিত পয়েন্টার প্রদর্শিত হবে তখন ক্লিক করুন।
- অবজেক্টটি সিলেক্ট হয়ে যাবে।
- ডিসিলেক্ট করার জন্য সিলেক্টকৃত অবজেক্টের বাইরে ক্লিক করুন।

বারংবার ওপরের কীবোর্ড কমাণ্ড এবং মাউসের কমাণ্ডগুলো অধ্যয়ন করলে কাজের সময় খুব দ্রুত প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করা সম্ভব।

টেক্সট সংযোজন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১১

টেক্সট ডিলিট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৩

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট ডিলিট (মুছে ফেলা বা বাদ দেয়া) করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে পরিচিত মহলে শেয়ার করুন।